৩/

দৈনিক বাংলা

তারিখ ... 10 JAN 1993 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ...

132

# রাঙ্গামাটিতে শিক্ষা কর্মকর্তার ১২টি পদশূন্য

নিজস্ব সংবাদদাতা : রাঙ্গামাটি, ৯ জানুয়ারি।—রাঙ্গামাটি জেলা প্রাথমিক শিক্ষা বিভাগের বেশ কিছু গুরুত্বপূর্ণ পদে কর্মকর্তা নেই। জেলা ও থানা পর্যায়ের কর্মকর্তার পদ শূন্য থাকায় শিক্ষা বিভাগীয় কাজ ব্যাহত হচ্ছে।

এছাড়াও প্রত্যন্ত এলাকার বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষক সংকট রয়েছে। বিদ্যালয়ে বিভিন্ন সংকটের কারণে প্রাথমিক শিক্ষা বিঘ্নিত হচ্ছে।

জেলা প্রাথমিক শিক্ষা বিভাগের একটি সূত্র জানিয়েছে, ডিপিইও এবং এডিপিইও এ দু'টি গুরুত্বপূর্ণ পদ দীর্ঘদিন ধরে শূন্য। এছাড়া জেলার দশটি থানায় দশজন শিক্ষা কর্মকর্তার স্থলে বর্তমানে তিনজন কর্মরত আছেন। তারমধ্যে একজনের বদলীর আদেশ হয়েছে। সহকারী শিক্ষা কর্মকর্তার ১৯টি পদের মধ্যে ১২টি পদ শূন্য।

সংশ্লিষ্ট সূত্রের মতে, থানা পর্যায়ে উল্লেখযোগ্য সংখ্যক পদ শূন্য থাকায় প্রাথমিক শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। জেলা পর্যায়ের দু'জন গুরুত্বপূর্ণ কর্মকর্তার পদ শূন্য থাকায় দাপ্তরিক ও প্রশাসনিক কাজেও জটিলতার সৃষ্টি হচ্ছে।